গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

**উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতি : ফাহমি মো. সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৮/০২/২০২১ খ্রিঃ, সময় : বেলা ৩.৩০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়েছে)

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় এ উপজেলায় আইসিটি কার্যক্রমের বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক নির্দেশিত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

০২. ই-নথি সংক্রান্ত আলোচনা :

সভায় সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, এটুআই থেকে জানা যায় তাদের নথি সিস্টেমের সার্ভারগুলো স্থানান্তরের কাজ চলমান আছে বিধায় নথিতে কাজ করতে সমস্যা হচ্ছে এবং নথি প্রশিক্ষণ প্রাপ্ত অফিসগুলো লাইভে আনার কার্যক্রম বন্ধ আছে। এছাড়া নথির ২য় ভার্সন ডিজিটাল নথি (ডি-নথি) খুব শীঘ্রই চালু হতে যাচ্ছে।

সিদ্ধান্ত : এটুআই এর সাথে যোগাযোগ করে ই-নথি প্রশিক্ষণ প্রাপ্ত অফিসগুলো লাইভে আনতে হবে এবং ই-নথির কার্যক্রম চালু রাখতে হবে।

০৩. ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :

সভায় উপজেলা সরকারি উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) সমন্বয়কারী জনাব নাজিউর রহমান জানান উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭ টি দপ্তরের ইউজিডিপি বাজেটের আওতায় ওয়েব পোর্টালের উপর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে কিন্তু প্রশিক্ষণ গ্রহণের পরে সংশ্লিষ্ট দপ্তরের পোর্টালের কোন পরিবর্তন আসেনি। এছাড়া প্রত্যেক দপ্তরে অনুষ্ঠিত নিজস্ব প্রোগ্রামের তথ্য ও ছবি পোর্টালের খবর ও ফটোগ্যালারীর মধ্যে আসে না। যদি এ তথ্যগুলো পোর্টালের মধ্যে আসে তবে পোর্টাল আরও বেশী সমৃদ্ধ হবে। উপজেলা পরিষদের মাসিক সভার নোটিশ, রেজুলেশন, বাজেট উন্নয়ন পরিকল্পনা ও আর্থিক বিবরণী ওয়েব পোর্টালে প্রকাশ করা হলে স্থানীয় জনসাধারণ আরও বেশী অবহিত হতে পারে। এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট দপ্তরকে নিজ নিজ ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে হবে। হালনাগাদের কাজে কোন সমস্যা হলে সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর সহায়তা নিয়ে হালনাগাদ সম্পন্ন করতে হবে। দাপ্তরিক ওয়েব পোর্টালগুলোর সমস্যার সমন্বয় করার জন্য ইউজিডিপি এর সমন্বয়কারী জনাব নাজিউর রহমান কে দায়িত্ব প্রদান করা হয়।

০৪. অনলাইন ক্লাস সংক্রান্ত আলোচনা :

সভায় অংশগ্রহণ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন জানুয়ারী প্রথম থেকে অনলাইন ক্লাস শুরু হয়েছে। তবে সাম্প্রতিক কালে মহাপরিচালক, মাউশি মহোদয় মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাস নেওয়া এবং MMCM ড্যাশবোর্ডে এন্ট্রি প্রদানের নির্দেশনা প্রদান করেছে। MMCM ড্যাশবোর্ডে ক্লাস এন্ট্রি দিতে হলে শিক্ষকদের অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে। ইতোমধ্যে শিক্ষকদের রেজিস্ট্রেশনের নির্দেশনা প্রদান করা হয়েছে কিন্তু মাত্র ১৩৪ জন শিক্ষক এখন পর্যন্ত রেজিস্ট্রেশন করেছেন এবং ড্যাশবোর্ডে কেউ তথ্য আপলোড করেনি। সকল শিক্ষকের রেজিস্ট্রেশন সম্পন্ন করে মাল্টিমিডিয়া ব্যবহারে ক্লাস গ্রহণ এবং MMCM ড্যাশবোর্ডে তথ্য আপলোড নিশ্চিতকরণে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় পত্র প্রেরণ করলে শিক্ষকরা গুরুত্ব দিবে বলে মনে করি। এছাড়া রাজবাড়ী সদর উপজেলার অ্যাম্বাসেডর শিক্ষকদের উপজেলা আইসিটি কমিটিতে সদস্য হিসাবে নেওয়া যেতে পারে।

সিদ্ধান্ত : শিক্ষকদের অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য পত্র প্রদান করতে হবে এবং অ্যাম্বাসেডর শিক্ষকদের উপজেলা আইসিটি কমিটিতে সদস্য হিসাবে কো-অপ্ট করতে হবে।

০৫. শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা :

সভায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। সহকারী প্রোগ্রামার কর্তৃক ৫৬.০৪.৮২৭৬.০০১.৯৯.০০২.২১-৫ নং স্মারকে দাখিলকৃত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন প্রতিবেদন হতে দেখা যায় খানখানাপুর সুরাজ মোহিনী ইনস্টিটিউট এর ল্যাবের ১টি ল্যাপটপ অচল অবস্থায় আছে। এছাড়া গত জানুয়ারী মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর ল্যাপটপ কেন বাসায় ব্যবহৃত হচ্ছে এই মর্মে ব্যাখ্যা চেয়ে বাবুপুর কছিম উদ্দিন বিদ্যাপীঠ এর প্রধান শিক্ষককে পত্র প্রদান করা হয়। কারণ ব্যাখ্যার জবাবে বাবুপুর কছিম উদ্দিন বিদ্যাপীঠ এর প্রধান শিক্ষক ভুল স্বীকার করেছেন এবং ভবিষ্যতে এরুপ ভুলের পুনরাবৃত্তি হবে না বলে অঙ্গিকার করেছেন।

সিদ্ধান্ত : শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হবে এবং যে সমস্ত প্রতিষ্ঠানে ল্যাবের ল্যাপটপ অচল অবস্থায় আছে সেগুলো মেরামত করে সচল করতে হবে।

০৬. ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর কার্যক্রম নিয়ে আলোচনা :

সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। বিটিসিএল এর সহকারী ম্যানেজার, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সভায় অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করেন যেন উদ্যোক্তাগণ তাদের সুবিধা-অসুবিধার কথা অত্র সভায় জানাতে পারেন।

সিদ্ধান্ত : ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ আগামী সভায় অংশগ্রহণ করবেন এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ : আগামী সভা জুম কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফাহমি মো. সায়েফ)
পরিচিতি নং- ১৭৩৩৩
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি।

স্মারক নং-৫৬.০৪.৮২৭৬.০০১.০৬.০০১.১৯-৯ তারিখ : ২৮/০২/২০২১ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

০২। উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৩। ............................................................................

............................................................................

28/02/2022

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি।